গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলাভূমি অফিস
নওগাঁ সদর, নওগাঁ।
www.acl.naogaonsadar.naogaon.gov.bd

স্মারক নম্বর : ৩১.৪৩.৬৪৬০.০০৩.০২.০০৭.২৪- ৬৯৫৪ তারিখ : ০৫/০১/২০২৫ খ্রি :

নওগাঁ জেলাধীন নওগাঁ সদর উপজেলার ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল সমূহের বাংলা ১৪৩২-১৪৩৪ সন মেয়াদে ইজারার নিমিত্ত অনলাইনে আবেদনপত্র আহ্বান বিজ্ঞপ্তি :

এতদ্বারা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/নিবন্ধনকৃত মৎস্য চাষে সম্পৃক্ত সমবায় সমিতি/ সংগঠন অথবা যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি অথবা সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/ জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানের ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর অথবা সমাজসেবা অধিদপ্তর এর স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের ১৭/১২/২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.(অংশ-২)-৬৯৪ নম্বর প্রজ্ঞাপনে সরকারি জলমহাল ইজারার জন্য সকল আবেদন অনলাইনে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা,২০০৯ অনুযায়ী ২০ একর পর্যন্ত ইজারাযোগ্য (অনুমোদিত তালিকায় বর্ণিত) বদ্ধ জলমহাল শর্তসাপেক্ষে বাংলা ১৪৩২-১৪৩৪ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগামী ০১ মাঘ থেকে ১৪ মাঘ ১৫/০১/২০২৫ ইং তারিখ থেকে ২৮/০১/২০২৫ ইং তারিখ পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ে ওয়েবসাইটে (http://jm.lams.gov.bd) লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে জলমহাল ইজারার জন্য আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, জামানত বাবদ ২০% হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূলকপি ও আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ৫০০ (পাঁচশত) টাকার বিডি/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে ১৪ মাঘ এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের (২৯/০১/২০২৫ ইং তারিখ হতে ০৩/০২/২০২৫ ইং তারিখ ) এর মধ্য নিম্নস্বাক্ষরকারীর (অফিস চলাকালীন সময়) কার্যালয়ে দাখিল করতে হবে। ভুল তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ আবেদন বিবেচনাযোগ্য নয়। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ ও ভূমি মন্ত্রণালয় থেকে অনলাইনে ইজারা জমাদানের বিষয়ে সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন অনুসারে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), নওগাঁ সদর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। ইজারা বিজ্ঞপ্তি https://naogaonsadar.naogaon.gov.bd,অথবাhttps://acl.naogaonsadar.naogaon.gov.bdওয়েবসাইটে পাওয়া যাবে। প্রকাশ থাকে যে, অনুমোদিত তালিকায় ইজারাযোগ্য জলমহাল সংযোজন বা বিয়োজন হতে পারে এবং বিজ্ঞপ্তির যে কোনো শর্ত সংযোজন/ বিয়োজন/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত আয়তনের (বদ্ধ) সরকারি জলমহাল ইজারা ব্যবস্থপনার বর্ষপঞ্জিকা/সিডিউল :

| ক্রঃ নঃ | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহ্বান। |
| ০২ | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০৩ | ১৪ মাঘ এর পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৪ | ২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুণের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ০৫ ফাল্গুণ থেকে ২৫ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৬ ফাল্গুণ থেকে ২৮ ফাল্গুনের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮ | ২৯ ফাল্গুণ থেকে ২০ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্যও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯ | ০১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

(এস.এম.রবিন শীষ)
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

শর্তাবলি

০১.সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শুধুমাত্র নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক ২০.০০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারার জন্য অনলাইনে (http://jm.lams.gov.bd) আবেদন দাখিল করতে হবে । ক্রয়কৃত দরপত্র/আবেদন ফরমটি পূরণপূর্বক অনলাইনে চাহিত অন্যান্য কাগজপত্রের সাথে প্রয়োজনীয় তথ্য সংযোজন/আপলোড করতে হবে। আপলোডকৃত চাহিত সকল কাগজপত্রের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে ইজারা বিজ্ঞপ্তিতে প্রকাশিত নির্ধারিত সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নওগাঁ সদর, নওগাঁয় দাখিল করতে হবে। **অনিবন্ধনকৃত কোনো সমিতি/ সংগঠন আবেদন করতে পারবেন না।**

০২. কোনো খেলাপী সমবায় সমিতি /সংগঠন ইজারায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন এবং তারা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন না।

০৩. কোনো সমবায় বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সমিতি/ সংগঠন ২ টির অধিক পুকুর/জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না ।

০৪. আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর অছে তার প্রমাণ স্বরুপ জেলা বা উপজেলা সমবায় অফিসার/সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করবেন ও বিগত ০২ (দুই) বছবের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমানের প্রয়োজন হবে না।

০৫. ইজারার মেয়াদ বাংলা ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ১৪৩৪ সালের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। ইজারা বিজ্ঞপ্তিতে ঘোষিত সময় অনুযায়ী আবেদন ফরম ক্রয় ও দাখিল করা যাবে। নির্ধারিত তারিখে কোনো কারণে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন হতে আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ প্রযোজ্য হবে।

০৬.অনলাইনে দাখিলকৃত আবেদনের সাথে উদ্ধৃত দরের (৩ বছরের মোট ইজারা মূল্যের) ২০% হারে জামানত উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং অনলাইনে চাহিত কাগজপত্রের প্রিন্টেড কপি/হার্ডকপি পূরণকৃত আবেদন ফরমসহ জমা দিতে হবে।

০৭. দাখিলকৃত দর অনুমোদন হওয়ার বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট পুকুর/জলমহালের ০৩ (তিন) বছরের সমুদয় ইজারা মূল্য, ১৫% ভ্যাট ১০% আয়কর ২৩ চৈত্র বাংলা ১৪৩২ এর মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং ঐ পুকুর/জলমহাল খাস কালেকশন করা হবে। জামানতের ২০% অর্থ বাদে সমুদয় ইজারামূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে। ইজারা অর্থ কোনভাবেই আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৮.কর্তৃপক্ষ কর্তৃক আবেদনপত্র চূড়ান্তভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি করতে পারবে না। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তার ক্ষতি সাধন করতে পারবে না । কেউ যাতে সরকারি জলমহালে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন।

০৯.টেন্ডারে গৃহীত ইজারামূল্য ০৩ (তিন) বছর অপরিবর্তিত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে জলমহালগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে। উক্ত বিষয়ে পরবর্তীতে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০. ইজারা প্রদত্ত জলমহালের ০৩ (তিন) বছরের ইজারা মুল্য পরিশোধ করার পর দরপত্র দাতাকে নিজ দায়িত্বে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সহ ৩০০/-(তিন শত) টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে। চুক্তিনামা সম্পাদন না করা হলে পরবর্তীতে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে দখল বুঝে নেয়ার পর উক্ত পুকুরের বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১.ইজারা গ্রহণকারী সমিতি কর্তৃক কোনো অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক অন্য কোনো ব্যক্তি বা সমিতির নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবে না। অনুরুপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। অভিযুক্ত ইজারা গ্রহণকারী সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর কোনো জলমহালের ইজারা সংক্রান্ত টেন্ডারে অংশগ্রহণ করতে পারবে না।

১২.কোনো ব্যক্তি বা সমিতি উপজেলা জলমহাল ব্যাবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে (টেন্ডারে অংশগ্রহণকারী সংক্ষুব্ধ সমিতি/ব্যক্তি যদি জামানত ফেরৎ না নিয়ে থাকেন তবে) ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের নিকট আপীল দায়ের করতে পারবেন।

১৩.সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোনো সদস্য থাকেন, যিনি প্রকৃত মৎস্যজীবী নহে, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী কি-না এবং নিবন্ধনকৃত কি-না, তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

১৪.আবেদন গৃহীত হলে আবেদনকারীকে ইজারা মূল্য বাবদ অর্থ (কোড নং-১-৪৬৩১-০০০০-১২৬১) এবং ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট (০১-১১৩৩-০০২০-০৩১১ নং কোডে) ও ১০% আয়কর (০১-১১৪১-০০৬০-০১১১ নং কোডে) ট্রেজারী চালানের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যাংকে জমা নিয়ে চালানের মূলকপি অফিসে দাখিল করতে হবে।

১৫.আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে।

১৬. সায়রাত মহাল ইজারার ক্ষেত্রে সরকারি নীতিমালা জারি হলে তা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।

১৭.ইজারা প্রদান বিলম্বের কারণে ইজারা অর্থ আংশিক বা হারাহারি ভাবে প্রদেয় হবে না অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না । আবেদনপত্রের খামে সায়রাতমহালের নাম, মৌজা, দাগ নং , পরিমাণ ইত্যাদি উল্লেখ করতে হবে।

১৮.বছরের যে সময়েই ইজারা প্রদান করা হোক না কেন তা ০১ বৈশাখ ১৪৩২ হতে ৩০ চৈত্র ১৪৩৪ পর্যন্ত অর্থাৎ সম্পূর্ণ বছরের জন্য গণ্য করা হবে ।

১৯.ভূয়া আবেদনকারী প্রমাণিত হলে /পাওয়া গেলে তার আবেদন বাতিল করতঃ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০.তালিকায় বর্ণিত সকল সরকারি বদ্ধ জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে। নির্ধারিত সরকারি মূল্য অপেক্ষা কম মূল্যে ইজারা প্রদান করা হবে না।

২১.ইজারা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত কোনো পুকুরের মালিকানা নিয়ে জটিলতা থাকলে কিংবা আদালতের কোন নেষেধাজ্ঞা থাকলে কর্তৃপক্ষ ইজারা কার্যক্রম বাতিল /স্থগিত করতে পারবেন অথবা আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে সিদ্ধান্ত নিতে পারবেন।

২২.সুনির্দিষ্ট বা যুক্তিসংগত বা বিধি মোতাবেক কোনো কারণে কোন পুকুর /জলমহালের ইজারা বাতিল করা হলে এবং ঐ পুকুর/জলমহালের ইজারামূল্য, আয়কর, ভ্যাট সংশ্লিষ্ট কোডে ইতোমধ্যে জমা করলে সরকারি কোডে জমাকৃত অর্থ কোনো অবস্থাতেই ফেরতযোগ্য নয়।

২৩.আবেদন উপজেলা নির্বাহী অফিসার , নওগাঁ সদর, নওগাঁ বরাবরে দাখিল করতে হবে।

২৪.মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান আইন আবং সময় জারিকৃত সরকারি বিধি বিধান অনুসরণ করা ইজারাদারের জন্য বাধ্যতামূলক।

২৫.সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সকল সংশোধনীসহ) এবং সরকার ঘোষিত সর্বশেষ প্রজ্ঞাপন/পরিপত্র অনুযায়ী অন্যান্য শর্তাবলি প্রযোজ্য হবে এবং বিধি মোতাবেক ও প্রয়োজনে যে কোনো আবেদন গ্রহণ/বাতিল এবং ইজারা বাতিল বা টেন্ডার স্থগিত বা জনস্বার্থে যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বা উপযুক্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(এস.এম.রবিন শীষ)
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

স্মারক নম্বর : ৩১.৪৩.৬৪৬০.০০৩.০২.০০৭.২৪- ৬১৫৪

তারিখ : ০৫/০১/২০২৫ খ্রি :

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১. জেলা প্রসাশক, নওগাঁ।

০২. পুলিশ সুপার, নওগাঁ ।

০৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ।

০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।

০৫. প্রসাশক, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।

০৬. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ।

০৭. প্রশাসক নওগাঁ পৌরসভা, নওগাঁ।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের অনুরোধ জানিয়ে প্রেরণ করা হলো :

০১. উপজেলা.................... অফিসার (সকল), নওগাঁ সদর, নওগাঁ।

০২. উপজেলা আইসিটি অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধসহ)।

০৩. চেয়ারম্যান/ প্রশাসক/ প্যানেল চেয়াম্যান ...................................................... ইউনিয়ন পরিষদ ,নওগাঁ সদর, নওগাঁ।

০৪. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ...........................................................ইউনিয়ন ভূমি অফিস ,নওগাঁ সদর, নওগাঁ।

(তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়নের সকল হাট-বাজারে মাইকিং এবং ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার পূর্বক জারীর প্রতিবেদন ধার্য তারিখের পূর্বে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো)।

০৫. সভাপতি/সম্পাদক,.......................................................................মৎস্যজীবী সংগঠন / সমিতি, যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি,..............................নওগাঁ সদর, নওগাঁ।

০৬. জনাব.......................................................................

০৬. সম্পাদক.....................................................তাকে মূল বিজ্ঞপ্তিটি সীমিত পরিসরে (দৈর্ঘ ১০ ইঞ্চি ও প্রস্থ ০৪ কলামে) আগামী ০৬/০১/২০২৫ তরিখে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে পত্রিকার কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

০৭. নোটিশ বোর্ড..............................অফিস নওগাঁ সদর, নওগাঁ।

Salman
০৫/০১/২৫

খান সালমান হাবীব
সহকারী কমিশনার (ভূমি)
নওগাঁ সদর, নওগাঁ।
ও
সদস্য সচিব
উপজেলাজলমহাল ব্যবস্থাপনা কমিটি